

৩০শে জুন ২০২২

## ফ্লু'র জন্য হাসপাতালে ভর্তি হার বেড়ে যাওয়ায় শিশুদের টিকা দেওয়ার জন্য বাবা-মায়ের প্রতি আহ্বান জানানো হচ্ছে

ফ্লুতে আক্রান্ত হয়ে হাসপাতালের ওয়ার্ড এবং ইনটেনসিভ কেয়ার ইউনিটে (ICUs) ভর্তি হওয়া শিশুদের সংখ্যা দ্রুত বৃদ্ধি পাওয়ায় বাবা-মাকে ছয় মাস বা তার বেশি বয়সী শিশুদের ইনফ্লুয়েঞ্জার টিকা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে।

প্রধান শিশুরোগ বিশেষজ্ঞ ও ইমার্জেন্সি ফিজিশিয়ান ডাঃ Matthew O'Meara বলেন, এই বছরের ফ্লু মৌসুম খুব তাড়াতাড়ি এসেছে এবং এপ্রিল মাস থেকে প্রায় ৭০০ শিশু সিডনি চিলড্রেনস হসপিটালস নেটওয়ার্ক (SCHN) এ সেবার জন্য ভর্তি হয়েছে।

ডাঃ O'Meara বলেন “ফ্লু শিশুদের মধ্যে খুব গুরুতর হতে পারে। যদিও বেশিরভাগ ক্ষেত্রেই সাধারণত হালকা হয়, তবে এই বছর এখন পর্যন্ত ২৩ জন শিশুর ICU তে যত্নের প্রয়োজন হয়েছে, কেউ কেউ গুরুতর বুকের সংক্রমণ, পরিবর্তিত চেতনা, খিঁচুনি এবং হার্টের প্রদাহের মতো গুরুতর জটিলতার সম্মুখীন হয়েছে”।

তিনি বলেন, “SCHN -এ আমরা দেখছি, COVID-19-এর চেয়ে প্রায় চারগুণ বেশি শিশু ফ্লু নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে।”

ইনফ্লুয়েঞ্জার টিকা NSW-এ ১৭ই জুলাই পর্যন্ত জিপি এবং ফার্মেসিগুলোতে ছয় মাস বা তার বেশি বয়সী প্রত্যেকের জন্য বিনামূল্যে পাওয়া যাবে। পাঁচ বছরের কম বয়সী শিশুদের জন্য টিকা শুধুমাত্র জিপিদের কাছে দেয়া যাবে।

ডাঃ O'Meara বলেন, “NSW-এ টিকা নেয়ার উপযুক্ত শিশুদের প্রতি পাঁচজন মধ্যে মাত্র একজন এই বছর ইনফ্লুয়েঞ্জার টিকা নিয়েছে এবং আমাদের সত্যিই এই সংখ্যা বাড়ানো দরকার। ফার্মেসি এবং জিপিদের কাছে প্রচুর পরিমাণে টিকার স্টক আছে এবং টিকা নেয়ার জন্য এখনো খুব বেশি দেরি হয়নি”।

“শিশু এবং দুর্বল রোগ প্রতিরোধ ক্ষমতাসম্পন্ন শিশুরা শ্বাসযন্ত্রের অসুস্থতার জন্য ঝুঁকিপূর্ণ, বিশেষত ফ্লুর মতো ভাইরাসের জন্য, তাই এখনই সময় টিকা নেয়ার। যদি আপনার শিশুর বয়স ছয় মাসের কম হয় এবং এতে করে ফ্লুর টিকা নেওয়ার জন্য খুব কম বয়সী হয়, তবে তাদের রক্ষা করার সর্বোত্তম উপায় হলো তাদের পরিবারের প্রত্যেকের সম্পূর্ণ টিকা নেয়া।”

ব্রুক্সিওলাইটিসের মতো অন্যান্য ভাইরাল সংক্রমণগুলোও বাড়ছে, তাই সঠিক সময়ে সঠিক যত্ন গ্রহণ করা এই শীতে শিশুদের নিরাপদ এবং সুস্থ রাখার মূল চাবিকাঠি।

ডাঃ O'Meara বলেন “এই শীতে ফ্লুর লক্ষণগুলোর জন্য বাবা-মাকে সতর্ক থাকতে হবে। কাশি, নাক দিয়ে পানি পড়া বা জ্বরের মতো বেশিরভাগ উপসর্গগুলো প্রচুর পরিমাণে পানীয় গ্রহণ, বিশ্রাম নেয়া এবং প্যারাসিটামল বা আইবুপ্রোফেনের মতো ব্যথা উপশমের ঔষধ দিয়ে বাড়িতে নিরাপদে নিয়ন্ত্রণ করা যেতে পারে।”



“যদি বাবা-মা উদ্ভিগ্ন হন, তবে তাদের জিপির সাথে যোগাযোগ করা উচিত বা ব্যবহারিক স্বাস্থ্য পরামর্শের জন্য [Healthdirect's](#) এর ২৪-ঘন্টা হটলাইন ব্যবহার করা উচিত। যদি আপনার সন্তানের শ্বাস নিতে কষ্ট হয়, বুকে ব্যথা বা খিঁচুনির মতো গুরুতর সমস্যা হয় তবে ট্রিপল জিরোতে (000) কল করুন।”

এই শীতে ভাইরাসের বিস্তার রোধ করার ক্ষেত্রে ছোট ছোট জিনিসগুলো একটি বড় পার্থক্য তৈরি করতে পারে। প্রত্যেকেই নিজের এবং অন্যের ঝুঁকি হ্রাস করতে সহায়তা করতে পারেন:

- অসুস্থ হলে বাড়িতে থেকে, সরাসরি COVID-19 পরীক্ষা করে এবং সেক্স-আইসোলেট করে
- আভ্যন্তরীণ স্থানে বা যেখানেই শারীরিক দূরত্ব বজায় রাখা কঠিন, সেখানেই মাস্ক পরে
- খোলা দরজা এবং জানালা সহ ভাল বায়ুচলাচল করতে পারে এমন বড় স্থানে বা বাইরে জড় হয়ে
- ভাল স্বাস্থ্যবিধি অনুশীলন করে যেমন প্রায়শই হাত ধৌত করে বা স্যানিটাইজ করে
- দুর্বল প্রিয়জনদের সাথে দেখা করার আগে বা বড় সমাবেশ ও অনুষ্ঠানে যাওয়ার আগে COVID-19 এর জন্য একটি র্যাপিড অ্যান্টিজেন পরীক্ষা করে
- টিকা নিয়ে আপ টু ডেট থেকে - ফ্লু এবং COVID-19 উভয়ের জন্যই।

ফ্লু টিকা সম্পর্কে তথ্যের জন্য, [www.nsw.gov.au/vaccination](http://www.nsw.gov.au/vaccination) এ দেখুন

এই শীতে বাচ্চাদের যত্ন নেওয়ার বিষয়ে সাধারণ পরামর্শের জন্য, [www.schn.health.nsw.gov.au/winter](http://www.schn.health.nsw.gov.au/winter) এ দেখুন

মিডিয়া যোগাযোগ: Jess Rubinchtein

ফোন: 0458 234 214

ইমেল: [jessica.rubinchtein@health.nsw.gov.au](mailto:jessica.rubinchtein@health.nsw.gov.au)